European University of Bangladesh
2/4, Gabtoli, Mirpur, Dhaka-1216
Website: www.eub.edu.bd, E-mail: info@eub.edu.bd



তারিখ: ১৮/১১/২০২৬
বরাবর
সম্পাদক
দ্য ডেইলি ক্যাম্পাস
ঢাকা।

বিষয়: দ্য ডেইলি ক্যাম্পাস -এ প্রকাশিত বিভ্রান্তিকর প্রতিবেদনের প্রতিবাদ

জনাব,
গত ১৭ নভেম্বর ২০২৬ তারিখে অনলাইন নিউজ পোর্টাল 'দ্য ডেইলি ক্যাম্পাস-এ **"প্রশাসকের কথায় নিয়োগ দিয়ে প্রশাসকের হাতেই চাকরি গেল উপাচার্য অধ্যাপক মরতুজার "** শিরোনামে প্রকাশিত সংবাদটির প্রতি আমার দৃষ্টি আকৃষ্ট হয়েছে। প্রকাশিত সংবাদটিতে আমার পদত্যাগের প্রেক্ষাপট ও কারণ সম্পর্কে যে তথ্য উপস্থাপন করা হয়েছে, তা সম্পূর্ণ ভিত্তিহীন ও বিভ্রান্তিকর।
উক্ত প্রতিবেদনে দাবি করা হয়েছে যে, বোর্ড অব অ্যাডমিনিস্ট্রেটরসের (বিওএ) সদস্য ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফার্মাসিটিক্যালস এন্ড টেকনোলজি বিভাগের অধ্যাপক ড. মো. ইলিয়াস আল-মামুন আমাকে নিয়োগের ব্যাপারে ফোনে চার্জ ও জেরা করেছেন এবং তার চাপের মুখে আমি পদত্যাগ করতে বাধ্য হয়েছি–যা সর্বৈব মিথ্যা ও বানোয়াট।

প্রকৃত সত্য হলো, আমাকে কেউ পদত্যাগের জন্য কোনো ধরনের চাপ প্রয়োগ বা জবরদস্তি করেননি। আমি সম্পূর্ণ স্বেচ্ছায় এবং সজ্ঞানে ইউরোপিয়ান ইউনিভার্সিটি অব বাংলাদেশ (ইইউবি)-এর উপাচার্য পদ থেকে অব্যাহতি চেয়ে সিনিয়র সচিব, শিক্ষা মন্ত্রণালয় বরাবরে আবেদন করেছি। আমার পদত্যাগের মূল কারণ সম্পূর্ণ ব্যক্তিগত ও শারীরিক অসুস্থতা। বর্তমানে আমার বয়স ৭৬ বছর। দীর্ঘদিন ধরে আমি ডায়াবেটিস, সায়াটিক ব্যথা এবং সম্প্রতি প্রোস্টেট-সংক্রান্ত জটিল রোগে ভুগছি। বয়সজনিত সীমাবদ্ধতা ও নিয়মিত চিকিৎসার প্রয়োজনেই আমি দায়িত্ব থেকে অব্যাহতি নেওয়ার সিদ্ধান্ত নিয়েছি, যা আমার পদত্যাগপত্রেও তা স্পষ্টভাবে উল্লেখ করা হয়েছে।

সংবাদমাধ্যমের মতো একটি দায়িত্বশীল জায়গা থেকে আমার কোনো আনুষ্ঠানিক বক্তব্য গ্রহণ না করেই কেবল 'সূত্রের বরাত' দিয়ে এ ধরনের কাল্পনিক ও মানহানিকর সংবাদ প্রকাশ করা অত্যন্ত দুঃখজনক। এতে একদিকে যেমন আমার ব্যক্তিগত সম্মান ক্ষুণ্ন হয়েছে, অন্যদিকে বোর্ড অব অ্যাডমিনিস্ট্রেটরসের সম্মানিত সদস্য অধ্যাপক ড. মো. ইলিয়াস আল-মামুনের ভাবমূর্তিও প্রশ্নবিদ্ধ করার অপচেষ্টা চালানো হয়েছে।

বিষয়টি সকল সংশ্লিষ্ট মহলের অবগতি ও স্পস্টীকরনের জন্য তুলে ধরা হলো। বোর্ড (বিওএ) এর কোন সদস্যের চাপে বা প্ররোচনায় আমি এ পদত্যাগ পত্র গ্রহনের আবেদন করি নাই।

আমি প্রকাশিত এই অসত্য ও বিভ্রান্তিকর সংবাদের তীব্র নিন্দা ও প্রতিবাদ জানাচ্ছি।

অধ্যাপক ড. মো. গোলাম মরতুজা ১৮/১১/২৬
উপাচার্য
ইউরোপিয়ান ইউনিভার্সিটি অব বাংলাদেশ (ইইউবি)
তারিখ: ১৮ নভেম্বর ২০২৬

CamScanner